# 2023

# 6th Semester Examination

# BENGALI (Honours)

## Paper : C 13-T

## [লোক সাহিত্য]

## [CBCS]

Full Marks : 60 Time : Three Hours

*The figures in the margin indicate full marks. Candidates are required to give their answers in their own words as far as practicable.*

### বিভাগ-ক

যে কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

১। লোকসাহিত্য কাকে বলে?

২। ময়মনসিংহ গীতিকাগুলো কে সংগ্রহ করেছিলেন? তিনি কী কী পালা সংগ্রহ করেছিলেন?

৩। 'আমি যে অবলা নারী আছে কুলমান/বাপের সঙ্গে নাহি গেলে নাহি থাকিব মান।' — মহুয়া কাকে উদ্দেশ্য করে একথা বলেছিল? মহুয়ার বাবার নাম কী?

৪। 'ভাওয়াইয়া' গান কোন্ অঞ্চলে প্রচলিত? এই গানের সঙ্গে ব্যবহৃত বাদ্যযন্ত্রের নাম লেখো।

P.T.O.

৫। বাংলা লোককথা সংগ্রহের ক্ষেত্রে দু'জন উল্লেখযোগ্য ব্যক্তির নাম এবং এ বিষয়ে তাঁদের প্রকাশিত গ্রন্থের নাম লেখো।

৬। ছড়ার পাঠান্তরের একটি দৃষ্টান্ত দাও।

৭। ধাঁধা ও প্রবাদের দুটি সাদৃশ্য লেখো।

৮। রূপকথার দুটি বৈশিষ্ট্য লেখো।

৯। ছড়ায় ব্যাকরণগত ত্রুটির দৃষ্টান্ত দাও।

১০। প্রবাদ ও প্রবচনের মধ্যে পার্থক্য কী?

১১। 'ধাঁধা' শব্দটির উৎস কী?

১২। 'আলকাপ' কথার অর্থ কী? আলকাপ কোন্ কোন্ জেলায় দেখা যায়?

১৩। পুণ্যিপুকুর ব্রতের ছড়াটি লেখো।

১৪। বেদের দল বামনকান্দা ছেড়ে চলে যাওয়ার কতদিন পর, কোথায় নদ্যার চাঁদ মহুয়াকে খুঁজে পায়? তখন কী মাস ছিল?

১৫। "সুতের হেওলা অইয়া ভাইস্যা বেড়াই।" — কে, কাকে বলেছে? 'সুতের হেওলা' কথার অর্থ কী?

## বিভাগ - খ

যে কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

১৬। শিষ্টসাহিত্য ও লোকসাহিত্যের মধ্যে পার্থক্য নিরূপণ করো।

১৭। প্রবাদ কাকে বলে? প্রবাদের শ্রেণীবিভাগ করে দৃষ্টান্তসহ আলোচনা করো।

১৮। মহুয়া পালার হুমরা বেদে চরিত্র সম্পর্কে আলোচনা করো।

১৯। ব্যালাড ও গীতিকার সাদৃশ্য ও বৈসাদৃশ্য বিষয়ে আলোচনা করো।

২০। লোকগীতের শ্রেণীবিভাগ করে প্রতিটি বিভাগ সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

২১। ব্রতের মধ্যে নাট্যকলার লক্ষণ কীভাবে পরিস্ফুট হয়?

## বিভাগ- গ

যে কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

২২। লোকসাহিত্যের বিভিন্ন ধারা সম্পর্কে আলোচনা করো।

২৩। 'মহুয়া' পলায় প্রতিফলিত রোমান্টিক প্রেমের স্বরূপ আলোচনা করো।

২৪। লোকনাটক বলতে কী বোঝো? লোকনাটকের বৈশিষ্ট্য লেখো। বাংলার প্রচলিত দুটি লোকনাটক সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

২৫। ব্রত কাকে বলে? অবনীন্দ্রনাথের অনুসরণে ব্রতের শ্রেণীবিভাগ করো এবং ব্রতের সাধারণ বৈশিষ্ট্য সম্পর্কে আলোচনা করো।

---